

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ১৯৩৩

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৭. প্রথম অনুচ্ছেদ - উত্তম সদাকার বর্ণনা

### بَابُ أَفْضَلِ الصَّدَقَةِ

আরবী

وَعَنْ أُمِّ سَلْمَةَ قَالَتْ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ أَلِيَّ أَجْرٌ أَنْ أَنْفِقَ عَلَى بَنِي أَبِي سَلْمَةَ؟ إِنَّمَا هُمْ بَنِيَّ فَقَالَ: «أَنْفِقِي عَلَيْهِمْ فَلَكَ أَجْرٌ مِمَّا أَنْفَقْتِ عَلَيْهِمْ»

বাংলা

১৯৩৩-[৫] উম্মু সালামাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, (একদিন) আমি জিজ্ঞেস করলাম, হে আল্লাহর রসূল! আবু সালামার ছেলেদের জন্য খরচ করাতে আমার কোন সাওয়াব হবে কি? কারণ তারা তো আমারই ছেলে। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তাদের জন্য খরচ করো। তাদের জন্য তুমি যা খরচ করবে তার সাওয়াব পাবে। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ১৪৬৭, মুসলিম ১০০১, আহমাদ ২৬৫০০৯, সুনানুল কুবরা লিল বায়হাকী ১৫৭৩৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: উম্মু সালামাহ্ (রাঃ) হলেন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর স্ত্রী। তিনি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার পূর্বে ‘আবদুল্লাহ ইবনু ‘আবদুল আসাদ, যিনি আবু সালামাহ্ নামে পরিচিত তার স্ত্রী ছিলেন। আবু সালামাহ্ মারা যাওয়ার পর উম্মু সালামাকে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিবাহ করেন। আবু সালামার ঘরে উম্মু সালামার সন্তান ছিল পাঁচ জন। তারা হলেন, সালামাহ্, ‘উমার, মুহাম্মাদ, যায়নাব ও দুররা।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=56493>

🔗 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন